

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১১৭/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ রফিকুল ইসলাম

পিতা:-আঃ মোবারক মিয়া

ঠিকানা-১৬/২ আর.কে মিশন রোড

সেনবাগ, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব হাসান শহীদ

ভারপ্রাপ্ত পরিচালক (সংস্থাপন বিভাগ)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৬-০৬-২০১৬ ইং)

অভিযোগকারী ৩০-০৪-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মাকসুদুল আজার (মিনু), ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

“বিগত ০৮-০৩-২০১০ ইং তারিখে দি ডেইলি স্টার পত্রিকায় প্রকাশিত পরমাণু শক্তি কমিশনের জনবল নিয়োগে আমি ১৩-০৪-২০১০ ইং তারিখে কর্তৃপক্ষ বরাবর একখানা আবেদন পেশ করি। কর্তৃপক্ষের জোরালো সুপারিশ থাকা সত্ত্বেও আমাকে কেন বা কিসের জন্য নিয়োগ পত্র প্রেরণ করা হয়নি এবং ১৬-০৩-২০১১ ইং তারিখে নিয়োগ পত্র প্রাপ্তির জন্য কর্তৃপক্ষের বরাবর একখানা আবেদন পেশ করি। এই আবেদন কি পদক্ষেপ গ্রহণ করেছে কর্তৃপক্ষ, যে সিদ্ধান্ত নিয়েছে তার ফটোকপি এবং কমিশনে আমার যাবতীয় কাগজপত্র এর ফটোকপি প্রাপ্তির জন্য।”

- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৭-০২-২০১৬ তারিখে চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০২-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৬-০৬--২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৬-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।
- ৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদনের পরিপ্রেক্ষিতে চাহিত তথ্যাদি স্মারক নং- ৩৯.০১.০০০০.২১৯.১৫.০২৩.১৬- তারিখ- ০৯ জুন ২০১৬/২৬ জ্যৈষ্ঠ ১৪২৩ মারফত অভিযোগকারীকে সরবরাহ করা হয়েছে এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য সরবরাহ করায়, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনাব হাসান শহীদ, ভারপ্রাপ্ত পরিচালক (সংস্থাপন বিভাগ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা কে অব্যাহতি দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার